

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

জাতীয় সংসদ নির্বাচন অগ্রধিকার
অতীব জরুরি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৬.০০৮.১৮-৬৯২

তারিখ : ০৪ অগ্রহায়ণ, ১৪২৫
১৮ নভেম্বর ২০১৮

বিষয়: আচরণ বিধি প্রতিপালনার্থে জাতীয় সংসদ নির্বাচনের পর শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নির্বাচন অনুষ্ঠান

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, পুনঃনির্ধারিত সময়সূচি অনুসারে আগামী ৩০ ডিসেম্বর ২০১৮ তারিখে একাদশ জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হবে। জাতীয় সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১৪ এর উপবিধি (৪) এ নিম্নরূপ বিধান রয়েছে:

“কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদে পূর্বে সভাপতি বা সদস্য হিসেবে নির্বাচিত বা মনোনীত হইয়া থাকিলে বা তদ্বর্কর্ক কোন মনোনয়ন প্রদত্ত হইয়া থাকিলে নির্বাচন-পূর্ব সময়ে তিনি বা তদ্বর্কর্ক মনোনীত ব্যক্তি উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন সভায় সভাপতিত্ব বা অংশগ্রহণ করিবেন না অথবা উক্ত শিক্ষা প্রতিষ্ঠানের কোন কাজে জড়িত হইবেন না।”

০২। উল্লিখিত আচরণ বিধি প্রতিপালনার্থে একাদশ জাতীয় সংসদ নির্বাচন সম্পন্ন না হওয়া পর্যন্ত কোন শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের নির্বাচন না করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৩। বর্ণিতাবস্থায়, উল্লিখিত সিদ্ধান্ত অনুসারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশিত হয়ে অনুরোধ করা হলো।

সকল নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান
শিক্ষকগণ

স্বাক্ষরিত
(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব(নিঃপঃ-২)
ফোন: ৫৫০০৭৫২৫(অফিস)
০১৭১৫০০০৭৪৯(মোবাইল)
E-mail:forhadakecs2015@gmail.com

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/মেহেরপুর/বিনাইদহ/নড়াইল/মাগুরা/চুয়াডাঙ্গা।
- ৪। পুলিশ সুপার, যশোর/খুলনা/বাগেরহাট/সাতক্ষীরা/কুষ্টিয়া/মেহেরপুর/বিনাইদহ/নড়াইল/মাগুরা/চুয়াডাঙ্গা।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, (খুলনা বিভাগের সকল উপজেলা নির্বাহী কার্যালয়)।

০৪. ১২. ১৮
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
যশোর
ফোন-০৪২১-৬৮৬৩৪